



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd
সংস্থাপন শাখা



জরুরি
সীমিত
তারিখ: ১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

নম্বর ৩৭.১১.৪০৪১.২০১.১৮.০০১.২০.২৪

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ

উপর্যুক্ত বিষয়ে করোনা ভাইরাস বিস্তাররোধকল্পে বোর্ডে কর্মরত কর্মচারী ও আগত সেবাগ্রহীতাদের সরকার ঘোষিত নিষেধাজ্ঞার সাথে সংগতি রেখে নিম্নোক্ত অবশ্যই পালনীয় নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো-

- ১। বোর্ডের সকল গ্রেডের কর্মচারী অফিসে প্রবেশের সময় মাস্ক পরিধান করবেন।
- ২। বোর্ডে আগত সেবাগ্রহীতাদের (শিক্ষার্থী, শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক আছে এমন ব্যক্তি ও অন্যান্য আগত) অবশ্যই মাস্ক পরিধান করবেন এবং বোর্ডে প্রবেশের সময় নির্ধারিত স্থানে রাখা বেসিনে সাবান পানি দিয়ে হাত ধুয়ে নিবেন।
- ৩। বোর্ড কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কোন সেবাগ্রহীতা অফিসের অভ্যন্তরে প্রবেশ করতে পারবেন না। যদি কোন সেবাগ্রহীতার এরপরেও কোন কর্মচারীর সাথে সরাসরি সাক্ষাতের প্রয়োজন হয় তাহলে অভ্যর্থনা কক্ষে রক্ষিত ইন্টাকমের ফোনের মাধ্যমে সংশ্লিষ্ট শাখা/বিভাগে যোগাযোগ করে দায়িত্ব পালনকারী আনসার সদস্য অনুমতি গ্রহণ করবেন।
- ৪। ইতোমধ্যে কোভিড-১৯ টিকা গ্রহণকারী কর্মচারীদের অবশ্যই টিকা সনদ গ্রহণ করে টিকা কার্ড যথাযথভাবে নিজের কাছে সংরক্ষণ করবেন।
- ৫। যে সকল কর্মচারী এখনও পর্যন্ত টিকা গ্রহণ করেননি তারা দ্রুততম সময়ের মধ্যে নিবন্ধনপূর্বক টিকা গ্রহণ করবেন।
- ৬। সরকারি নির্দেশনা অনুযায়ী বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান ২১-০১-২০২২ খ্রি. তারিখ হতে ০৬-০২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত সময়ের জন্য বন্ধ থাকবে।
- ৭। এই সময়কালে যথাসম্ভব অফিস প্রাঙ্গনে গণজমায়েত পরিহার করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। বোর্ডের নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত আনসার সদস্যগণ বিজ্ঞপ্তির নির্দেশনা অনুযায়ী কোভিড ১৯ বিস্তাররোধে অফিসের গেটে সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন।
- ৯। সরকারি নির্দেশনা অনুযায়ী আগামী ০৬-০২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অর্ধেক জনবল নিয়ে বোর্ডের যাবতীয় কার্যক্রম পরিচালিত হবে।

২৭-১-২০২২

প্রফেসর মোঃ আব্দুল খালেক সরকার
সচিব

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বোর্ডের সকল গ্রেডের কর্মচারী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর